দৈনিক খবর

25 APR 1991

পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6

শিক্ষকদের সভায় অভিমত

# চট্টগ্রাম ভার্সিটি বন্ধ করা স্বায়ত্তশাসনের ওপর হস্তক্ষেপ

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২৪শে এপ্রিল ঃ- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক চাপিয়ে দেয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের ওপর

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## চট্টগ্রাম ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

সরাসরি হস্তক্ষেপ।

আজ সকালে কলা অনুষদের দু'নম্বর গ্যালারীতে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকদের এক সভায় এ অভিমত ব্যক্ত করা হয়। অধ্যাপক মোহাম্মদ হজরত আলী প্রশাসনিক সভায় সভাপতিত্ব করেন।

তীব্র ক্ষোভ প্রকাশ করে সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতির সাথে বন্ধের সিদ্ধান্তের কোন সঙ্গতি ছিল না। এ সিদ্ধান্তের ব্যাখা দেয়ার জন্য সভায় সরকারের প্রতি আহবান জানান হয়। গত বছর ২২শে ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মচারীদের ওপর হামলা ও ছাত্র হত্যার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে এখনও কোন শাস্তিমূলক ব্যবস্থা না নেয়ায় সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়।